(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)


# গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর ১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২)৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪

# Gazipur Agricultural University

GAZIPUR 1706, BANGLADESH, TELEPHONE-(02) 996695323, FAX-880-02-996695316, 996695333, PABX-996695310-14, WEB- www.gau.edu.bd


স্মারক নং: গাকৃবি/প্রশা:/এন-১৮/২০২৪/১৯৮৬ তারিখ: ০৮/১০/২০২৫

## বিজ্ঞপ্তি

এতদ্দারা গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়টি ১৯৭৯ সালে প্রতিষ্ঠার পর থেকে শিক্ষা, গবেষণাধর্মী ও রাজনীতিমুক্ত প্রতিষ্ঠান হিসেবে দেশ-বিদেশে পরিচিতি লাভ করেছে। প্রতিষ্ঠার পর থেকে সাফল্যের সাথে গৌরবময় অর্জনের মধ্য দিয়ে ধারাবাহিকভাবে বাংলাদেশের সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে “SCIMAGO Institutions Rankings”, “Times Higher Education Ranking (THE)”, “World University Ranking For Innovation (WURI)” ইত্যাদি আন্তর্জাতিক র‍্যাংকিং এ প্রথমস্থান অর্জন করে আসছে। উল্লেখ্য যে, বিগত সরকারের দীর্ঘ সময়ে একটি দলীয় ছাত্র-সংগঠন অত্র বিশ্ববিদ্যালয়ের শাখা কমিটি গঠন করলেও বিশ্ববিদ্যালয়টি জন্মলগ্ন থেকে ছাত্র-রাজনীতিমুক্ত থাকার কারণে এবং সাধারণ ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য ও ধারাবাহিকতা ধরে রাখার ঐক্যবদ্ধ প্রচেষ্টায় কোন প্রকার রাজনৈতিক কার্যক্রম চালাতে পারেনি। ফলে বিশ্ববিদ্যালয়টির সুনাম দেশীয় ও আন্তর্জাতিকভাবে দিনদিন বৃদ্ধি পাচ্ছে। সর্বোপরি শিক্ষা ও গবেষণার মান বজায় রাখা এবং উত্তরোত্তর উন্নতির স্বার্থে ১৪/০৯/২০২৪ তারিখের গাকৃবি/প্রশা:/সি-২১৪/২০২৪/১৭৪১ সংখ্যক স্মারকের অফিস আদেশের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য সকল ধরণের দলীয় ও ছায়া সংগঠনভিত্তিক রাজনীতি স্থায়ীভাবে নিষিদ্ধ করা হয়। কিন্তু সম্প্রতি একটি দলীয় ছাত্র সংগঠনের কেন্দ্রীয় কমিটি কর্তৃক অত্র বিশ্ববিদ্যালয়ে আংশিক শাখা কমিটির অনুমোদন দেয় যা সামাজিক যোগাযোগ মাধ্যম ও মিডিয়ার মাধ্যমে প্রকাশ করা হয়েছে। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের এতদ্বিষয়ে জারীকৃত আদেশের পরিপন্থী এবং এ পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের অরাজনৈতিক স্বকীয় বৈশিষ্ট্যটি ক্ষুন্ন হওয়ার আশঙ্কায় অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে ক্ষুব্ধ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। বিশ্ববিদ্যালয়টি যেনো রাজনীতি মুক্ত থাকে এবং দেশীয় ও আন্তর্জাতিক অঙ্গনে অর্জিত সুনাম অক্ষুন্ন রাখে এমনটাই গাজীপুরবাসী প্রত্যাশা করে যা বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডার অনুসরণকরত: সেশনজটমুক্ত শিক্ষা ও গবেষণার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদেরকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকল ধরণের রাজনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ করা থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। জারীকৃত আদেশের পরিপন্থী কাজে লিপ্ত ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

৮.১০.২০২৫

(মো. আবদুল্লাহ মৃধা)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
টেলিফোন: ০২-৯৯৬৬৯৫৩২৩
তারিখ: ০৮/১০/২০২৫

স্মারক নং: গাকৃবি/প্রশা:/এন-১৮/২০২৪/১৯৮৬
সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. প্রো-ভাইস-চ্যান্সেলর, গাকৃবি।
২. সকল ডীন, গাকৃবি (ছাত্র-ছাত্রীদের অবহিতকরণের অনুরোধসহ)।
৩. সকল বিভাগীয় প্রধান, গাকৃবি (ছাত্র-ছাত্রীদের অবহিতকরণের অনুরোধসহ)।
৪. সকল পরিচালক ও গ্রন্থাগার প্রধান, গাকৃবি।
৫. প্রক্টর, গাকৃবি।
৬. সকল হল প্রভোস্ট, গাকৃবি (হলের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)
৭. সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী, গাকৃবি।
৮. সকল অনুষদ/বিভাগ/শাখা/দপ্তরের জ্যেষ্ঠ কর্মকর্তা, গাকৃবি (অধীনস্তদের অবহিতকরণের অনুরোধসহ)।
৯. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, গাকৃবি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর/ট্রেজারার দপ্তর, গাকৃবি।
১১. AHE, রেজিস্ট্রার দপ্তর, গাকৃবি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাস্টার কপি)।
১২. অফিস নথি/সকল নোটিশ বোর্ড।

০৮/১০/২০২৫